# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

Narayanganj City Corporation

নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড, নারায়ণগঞ্জ-১৪০০, বাংলাদেশ।

www.ncc.gov.bd


স্মারক নং- ৪৬.১৬.০০০০.০০৪.৬০.১৪৭.২৩/২৪৬ — তারিখ: ২৩/১২/২০২৪ খ্রিঃ

## "সভার নোটিশ"

বিষয়: বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় যোগদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটির সভা আগামী ৩০/১২/২০২৪ খ্রি: তারিখ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটারিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটির এক সভা নগরভবনের ৫ম তলায় প্রধান নির্বাহী কর্মকর্তার সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সভার আলোচ্যসূচী:**

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত বিষয়ে আলোচনা।
৩। বিবিধ।

[illegible] ২৩/১২/২৪
(মোঃ জহিরুল আলম)
বাজার কর্মকর্তা
ও
সদস্য সচিব
বাজার মূল্য পর্যবেক্ষন মনিটরিং ও নিয়ন্ত্রণ
সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

জনাব ..[illegible],
.................................
.................................

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। প্রশাসক মহোদয়ের একান্ত সচিব (অঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। পি এ টু সিইও, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (সিইও মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অফিস কপি।

CamScanner

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
Narayanganj City Corporation
নগর ভবন, ১০, বঙ্গবন্ধু রোড, নারায়ণগঞ্জ-১৪০০, বাংলাদেশ।
www.ncc.gov.bd

স্মারক নং-৪৬.১৬.০০০০.০০৪.৬০.১৪৭.২৩/ ২৮০/১ তারিখ : ৩০/১২/২০২৪

**"বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী"**

সভাপতি : জনাব প্রকৌঃ মোঃ মামুনার রশিদ
উপ-মহাব্যবস্থাপক, তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি
ও
সভাপতি
"বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটি"
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

সভার তারিখ : ৩০/১২/২০২৪ খ্রিঃ রোজ সোমবার।

সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভার স্থান : প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত সম্মানীত সদস্যগণের নামের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অদ্যকার আলোচ্যসূচী মোতাবেক সভার কার্যক্রম শুরু করার জন্য কমিটির সদস্য সচিব, জনাব মোঃ জহিরুল আলম কে অনুরোধ করেন। অতঃপর সদস্য সচিব আলোচ্যসূচী অনুযায়ী উপস্থিত সম্মানীত সদস্যগণকে আলোচনায় অংশগ্রহণ ও তাদের মূল্যবান মতামত প্রদানের অনুরোধ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্যসূচীঃ ১ : বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

আলোচনা : সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।

সিদ্ধান্ত : বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্ব সম্মতিক্রমে অনুমোদীত হয়।

আলোচ্যসূচীঃ ২ : বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক আলোচনা।

আলোচনা : সভায় জানানো হয় যে, সাম্প্রতিক বন্যা, ঘন ঘন ভারী বর্ষণে কৃষি ক্ষেত নষ্ট হয়ে যাওয়া, অভ্যন্তরীণ রাজনৈতিক পরিস্থিতি, বিশ্ব বাজারে পণ্যের দাম বৃদ্ধি এবং ডলারের বাজারে অস্থিরতা, সময়মত প্রয়োজনীয় দ্রব্যাদি আমদানী করতে বিলম্বিত হওয়া ইত্যাদি কারণে আমদানী খরচ ও উৎপাদন ব্যায় বৃদ্ধি পাওয়ার ফলে বাজারে পণ্যের মূল্য অস্বাভাবিক ভাবে বৃদ্ধি পেয়েছে। তাছাড়াও পণ্যবহনকারী যানবাহ হতে বিভিন্ন স্থানে চাঁদা আদায়ও পণ্যের মূল্য বৃদ্ধির আর একটি কারণ। সভায় আরো জানানো হয় যে, বর্তমানে সকল শিল্প ও ব্যবসায়ী প্রতিষ্ঠান সিন্ডিকেট করে নিত্য প্রয়োজনীয় পণ্যের দাম বাড়িয়ে চলেছে। ব্যবসায়ীদের কারসাজিতে বাজার ভেদে একই পণ্য বিভিন্ন দামে বিক্রি হচ্ছে। বাজারের এহেন পরিস্থিতীতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা না হলে বাজার আরো অস্থির হওয়ার আশংকা রয়েছে। তবে আশার কথা হলো কাঁচা তরকারীর দাম অনেকটা নিম্নমূখী।



CamScanner

<u>সুপারিশঃ</u> সভায় বাজারমূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ে বিস্তারীত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নোক্ত সুপারিশ করা হয়ঃ

১. কোন ব্যবসায়ী অবৈধভাবে ও অসৎ উদ্দেশ্যে অতিরিক্ত মজুদ বা সিন্ডিকেট করতে না পারে সে বিষয়ে তদারকি করা।

২. সরকার কর্তৃক নির্ধারীত মূল্যের অতিরিক্ত মূল্যে কোন পণ্য বাজারে বিক্রয় হচ্ছে কি না সে বিষয়ে মনিটরিং জোরদার করা।

৩. না'গঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় সবচেয়ে বড় পাইকারী বাজার দ্বিগুবাবুর বাজার। উক্ত বাজারের দোকান মালিক সমিতির সভাপতি/সাধারণ সম্পাদক কে উক্ত বাজারের কোন আড়ৎদার যেন পণ্য মজুদ না করে সে বিষয়ে কঠোর ভাবে তদারকি করার জন্য সিটি কর্পোরেশন হতে পত্র প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ৩০/১২/২০২৪

জনাব প্রকৌঃ মোঃ মামুনার রশিদ
উপ-মহাব্যবস্থাপক, তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি
ও
সভাপতি
"বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.১৬.০০০০.০০৪.৬০.১৪৭.২৩/২৮০/১(৬) তারিখঃ ৩০/১২/২৪

<u>সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-</u>

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
২. সচিব, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৩. পি. এ টু প্রশাসক, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।)

স্বাক্ষরিত/ ৩০/১২/২০২৪

জনাব প্রকৌঃ মোঃ মামুনার রশিদ
উপ-মহাব্যবস্থাপক, তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি
ও
সভাপতি
"বাজার মূল্য পর্যবেক্ষণ মনিটরিং ও নিয়ন্ত্রণ সংক্রান্ত স্থায়ী কমিটি
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

CamScanner

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
Narayanganj City Corporation
নগর ভবন, ১০ বঙ্গবন্ধু রোড, নারায়ণগঞ্জ-১৪০০, বাংলাদেশ।
www.ncc.gov.bd

অদ্য ৩০/১২/২০২৪ খ্রিঃ রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত "বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ" সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় উপস্থিত সম্মানীত সদস্যগণের স্বাক্ষরঃ (পরিশিষ্ট- ক)

| ক্রঃ নং | সম্মানীত সদস্যগণের নাম | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব প্রকৌঃ মোঃ মামুনার রশিদ<br>উপ-মহাব্যবস্থাপক<br>তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি<br>নারায়ণগঞ্জ। | সভাপতি | (স্বাক্ষর) ৩০/১২/২৪ |
| ২ | জনাব এ. এইচ. এম কামরুজ্জামান<br>প্রশাসক<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | সদস্য | |
| ৩ | জনাব ফেরদৌসী বেগম<br>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>নারায়ণগঞ্জ। | সদস্য | (স্বাক্ষর) ৩০/১২/২৪ |
| ৪ | জনাব আব্দুল্লাহ আল আরেফিন<br>উপ সহকারী পরিচালক<br>ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স<br>নারায়ণগঞ্জ। | সদস্য | (স্বাক্ষর) ৩০/১২/২৪ |
| ৫ | জনাব মোঃ জহিরুল আলম<br>বাজার কর্মকর্তা<br>নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। | সদস্য সচিব | (স্বাক্ষর) ৩০/১২/২৪ |



CamScanner